গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও উন্নয়ন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক: ৫৭.২৫.০০০০.০০৭.০৩.০০.২০২০-১২৩ তারিখ: ১৬ কার্তিক ১৪২৭ / ০১ নভেম্বর ২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: কোভিড ১৯ পরিস্থিতিতে ইবতেদায়ি ১ম শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণি পর্যন্ত পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে মূল্যায়ন নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছর ১৬ মার্চ পর্যন্ত ক্লাস হওয়ার পর কোভিড-১৯ মহামারির কারণে ১৮/০৩/২০২০ তারিখ থেকে সকল মাদ্রাসায় শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। এতে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে; তাই ২০২০ শিক্ষাবর্ষের নির্ধারিত পাঠ্যসূচি কোথাও যথাযথভাবে বা পুর্ণাঙ্গভাবে সম্পন্ন করা সম্ভব হয়নি। এ কারণে পাঠ্যসূচিকে সংক্ষিপ্ত করে পূনর্বিন্যাস করা হয়েছে। সরকারি উদ্যোগে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য সংসদ বাংলাদেশ টেলিভিশনে কিছু শ্রেণি কার্যক্রম প্রচার করা হয়েছে; অনেক মাদ্রাসা নিজেদের উদ্যোগে অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনা করেছে। অনেক ক্ষেত্রে প্রশাসনের উদ্যোগে জেলা ও উপজেলায় অনলাইনে শ্রেণি কার্যক্রম চালু করা হয়েছে। কোথাও শিক্ষকবৃন্দ মোবাইল ফোনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান করার চেষ্টা করছেন। এছাড়াও কিশোর বাতায়নসহ বেশ কিছু ডিজিটাল প্লাটফর্মে কিছু শ্রেণি কার্যক্রম আপলোড করা হয়েছে যাতে করে বাংলাদেশের যে কোনো প্রান্তের শিক্ষার্থী ব্যবহার করতে পারে।

করোনার এই মহামারিকালে হঠাৎ করে নতুন ধরনের শিখন শেখানো কার্যক্রম অনুসরণ করাতে শিক্ষার্থীরা প্রয়োজনীয় শিখনফল অর্জন করতে অনেকক্ষেত্রে সক্ষম হয়নি । এমতাবস্থায় শিক্ষার্থী যেন আরোও কিছু শিখনফল অর্জন করে পরবর্তী শ্রেণির জন্য প্রস্তুত হতে পারে; সেজন্য এনসিটিবি কর্তৃক পাঠ্যসূচির পুনর্বিন্যাস ও অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে। এই মূল্যায়নের মাধ্যমে শিক্ষার্থীদের শিখনফল অর্জনের ক্ষেত্রে সবলতা ও দুর্বলতা চিহ্নিত করে পরবর্তী শ্রেণিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রতি সপ্তাহে শুরুতে ঐ সপ্তাহের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ দিয়ে দেওয়া হবে। সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শেষ করে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে পরবর্তী সপ্তাহের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ গ্রহণ করবে এবং সপ্তাহের মধ্যে কাজ শেষ করে জমা দিবে। এভাবে মোট ৬ সপ্তাহব্যাপী শিক্ষার্থীরা উক্ত কার্যক্রম সম্পন্ন করবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থীদের স্বাস্থ্যঝুঁকি ও নিরাপত্তার কথা বিবেচনা করে সরকার ইতোমধ্যে প্রথাগত বার্ষিক পরীক্ষা ছাড়াই পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজসমূহ মূল্যায়নের জন্য নিচের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:

১. **জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের জন্য নির্দেশনা**
   - ক. প্রতিটি প্রতিষ্ঠান সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করছেন তা নিশ্চিত করতে হবে।
   - খ. এ মূল্যায়ন কার্যক্রম ১লা নভেম্বর ২০২০ তারিখ হতে প্রতিটি প্রতিষ্ঠানে কার্যকর হবে।
   - গ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে শিক্ষার্থী মূল্যায়নের যথার্থতা ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে হবে।
   - ঘ. মূল্যায়ন শেষে শিক্ষার্থীদের দুর্বল দিক চিহ্নিত করে শিক্ষকগণ সুনির্দিষ্ট মন্তব্য করছেন কিনা তা পরিবীক্ষণ করতে হবে।
   - ঙ. প্রতিটি প্রতিষ্ঠানের শ্রেণি ও বিষয়ভিত্তিক মূল্যায়ন রেকর্ড সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
   - চ. এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ রাখতে হবে।
   - ছ. এতদ্‌সংক্রান্ত কোনো স্পষ্টীকরণ প্রয়োজন হলে সহযোগিতা করতে হবে।
   - জ. ১লা নভেম্বর ২০২০ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত নির্ধারিত অ্যাসাইনমেন্ট বা কাজ ছাড়া শিক্ষার্থীদের অন্য কোনো ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ যেন না দেয়া হয় তা নিশ্চিত করতে হবে।
   - ঝ. মূল্যায়ন বিষয়ক এ নির্দেশনা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে।

২. **প্রতিষ্ঠান প্রধানগণের জন্য নির্দেশনা**
   - ক. সর্বাগ্রে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে।
   - খ. শিক্ষার্থী মূল্যায়ন কার্যক্রমে সকল বিষয়ভিত্তিক শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও কর্মচারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

গ. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ উক্ত মূল্যায়ন কার্যক্রমের কার্যকারিতা ও ফলপ্রসূতা যাচাইয়ে শিক্ষার্থী প্রদত্ত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ মূল্যায়ন প্রক্রিয়া পরিবীক্ষণ করবেন। সে জন্য এগুলো যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ঘ. কোনো শিক্ষার্থী যেন অনৈতিক কোনো চাপের মুখোমুখি না হয় তা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে স্থানীয় শিক্ষা কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ঙ. ১লা নভেম্বর ২০২০ তারিখ থেকে ১৫ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রদান ও জমা নেওয়ার ব্যবস্থা করতে হবে।

চ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্ষেত্রে সরবরাহকৃত গ্রিড (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত) অনুসরণ করতে হবে।

ছ. সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য প্রয়োজনে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা রাখার জন্য বক্সের ব্যবস্থা করা যেতে পারে।

জ. সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য নির্দিষ্ট দিনে ও সময়ে শ্রেণিভিত্তিক অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা ও পরবর্তী কাজ বিতরণ করতে হবে।

ঝ. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে নকল করে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল করে পুনরায় অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দেওয়ার নির্দেশ দিতে হবে।

ঞ. ১লা নভেম্বর ২০২০ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ তারিখ পর্যন্ত নির্ধারিত অ্যাসাইনমেন্ট বা কাজ ছাড়া শিক্ষার্থীদের অন্যকোনো ধরনের পরীক্ষা বা বাড়ির কাজ যেন না দেয়া হয় তা লক্ষ রাখতে হবে।

ট. এ নির্দেশনা শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের নিকট পৌছানো নিশ্চিত করতে হবে।

৩. শিক্ষকগণের জন্য নির্দেশনা

ক. প্রযোজ্য ক্ষেত্রে প্রতি সপ্তাহে ২/৪টি অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত) দিতে হবে।

খ. নির্ধারিত বিষয়সমূহের প্রস্তাবিত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা নেওয়া, মূল্যায়ন করা, মূল্যায়নকারীর মন্তব্যসহ অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজসমূহ শিক্ষার্থীদেরকে দেখানো এবং প্রতিষ্ঠানে সেটি সংরক্ষণের কাজটি ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

গ. এ কার্যক্রমে সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

ঘ. প্রতিটি মাদ্রাসায় মূল্যায়ন রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

ঙ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের আওতায় ব্যাখ্যামূলক প্রশ্ন, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, সৃজনশীল প্রশ্ন, প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। মূল্যায়ন নির্দেশক অনুযায়ী এগুলোর মূল্যায়ন করতে হবে।

চ. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সাদা কাগজে স্বহস্তে লিখে জমা দেওয়া নিশ্চিত করতে হবে।

ছ. অভিভাবক বা তাঁর প্রতিনিধি স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রতি সপ্তাহে একদিন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সংগ্রহ করবেন ও জমা দিবেন।

জ. শিক্ষার্থীর লেখায় তার মৌলিক চিন্তা, কল্পনা ও সৃজনশীলতা প্রতিফলিত হয়েছে কি-না শিক্ষক তা বিশেষভাবে লক্ষ করবেন।

ঝ. প্রদত্ত উত্তরের প্রয়োজনীয় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র, ব্যাখ্যা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

ঞ. প্রত্যেক শিক্ষার্থীর প্রতি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্ট বা কাজ মূল্যায়ন করে তার সকল সবল/দুর্বল দিকগুলো খাতায় চিহ্নিত করতে হবে; এবং এমনভাবে মন্তব্য লিখতে হবে যাতে শিক্ষার্থী তার সবল ও দুর্বল দিকগুলো স্পষ্টভাবে বুঝতে এবং করতে পারে।

ট. মূল্যায়ন করার পর শিক্ষক তাঁর মতামতসহ অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শিক্ষার্থীদের দেখানোর ব্যবস্থা করবেন এবং একটি নির্দিষ্ট সময় শেষে সেটি ফেরত এনে প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

ঠ. শিক্ষক একটি শ্রেণির একটি বিষয়ের সবগুলো অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ এর সামগ্রিক মূল্যায়নের উপর ভিত্তি করে অতি উত্তম, উত্তম, ভালো ও অগ্রগতি প্রয়োজন এরূপ মন্তব্য করবেন । এগুলো পরিমাপের নির্দেশক নিচে দেওয়া হলো:

| | |
|---|---|
| ক. অতি উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| খ. উত্তম | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা |
| গ. ভালো | ১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি আংশিকভাবে সঙ্গতিপূর্ণ<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা |
| ঘ. অগ্রগতি প্রয়োজন | ১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব<br>২. লেখায় তথ্য, তত্ত্ব, ধারণা, সূত্র ইত্যাদি সঙ্গতিপূর্ণ নয়<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব |

৪. অভিভাবকগণের প্রতি পরামর্শ

ক. শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা।

খ. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন অর্জন যাচাই এবং কোন কোন ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করা। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা।

গ. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা।

ঘ. শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা।

ঙ. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে হুবহু লিখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মত করে লেখার প্রতি উৎসাহিত করা।

৫. শিক্ষার্থীদের জন্য পরামর্শ

ক. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মুল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণির পাঠ গ্রহণের ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই এটি অনুসরণ করা জরুরি বিবেচনা করতে হবে।

খ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত ও প্রকাশিত ২০২০ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করলেই চলবে।

গ. মূল্যয়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ওসৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিতে হবে।

ঘ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে। এতে হাতের লেখার যেমন অনুশীলন হবে তেমনি বিষয়টি বুঝতেও সুবিধা হবে।

ঙ. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে যে কোনো কাগজ ব্যবহার করলেই চলবে। তবে ১ম পৃষ্ঠায় নাম, শ্রেণি, রোল নম্বর, বিষয়, অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের শিরোনাম স্পষ্টভাবে লিখতে হবে।

সংযুক্তি: মাদ্রাসাশিক্ষার বিশেষায়িত ও সাধারণ বিষয়সমূহের গ্রিড এবং অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের কপি।

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান............. (সকল মাদ্রাসা)

০২/১১/২০২০

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। জেলা প্রশাসক (সকল)
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৩। আঞ্চলিক উপপরিচালক (সকল)
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৫। উপ পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। জেলা শিক্ষা অফিসার (সকল)
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

তাঁর আওতাধীন সকল সরকারি, বেসরকারি স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসাসমূহে উল্লিখিত বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০২/১১/২০২০

মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (গবেষণা ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

কোভিড -১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| ২ | আকাইদ ও ফিকহ | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | | ৪ | |
| ৩ | আরবি | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| মোট | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১২ | |

কোভিড -১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দ্বিতীয় শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| ২ | আকাইদ ও ফিকহ | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | | ৪ | |
| ৩ | আরবি | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| মোট | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১২ | |

কোভিড -১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে তৃতীয় শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| ২ | আকাইদ ও ফিকহ | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | | ৪ | |
| ৩ | আরবি | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| মোট | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১২ | |

কোভিড -১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| ২ | আকাইদ ও ফিকহ | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | অ্যাসাইনমেন্ট-৪ | | ৪ | |
| ৩ | আরবি | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | অ্যাসাইনমেন্ট-৪ | ৪ | |
| মোট | | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১২ | |

## কোভিড -১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ২ | আকাইদ ও ফিকহ | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| ৩ | আরবি ১ম পত্র | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ | |
| ৪ | আরবি ২য় পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ | |
| | মোট | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ১২ | |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দাখিল ৬ষ্ঠ শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ২ | আকাইদ ও ফিকহ | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৩ | আরবি ১ম পত্র | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৪ | আরবি ২য় পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ৫ | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৬ | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ |
| ৭ | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৮ | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৯ | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ১০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ |
| | | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ২৪ |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দাখিল ৭ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

## গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ২ | আকাইদ ও ফিকহ | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৩ | আরবি ১ম পত্র | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৪ | আরবি ২য় পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ৫ | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৬ | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ |
| ৭ | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৮ | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৯ | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ১০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ |
| | | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ২৪ |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দাখিল ৮ম শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

## গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ২ | আকাইদ ও ফিকহ | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৩ | আরবি ১ম পত্র | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৪ | আরবি ২য় পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ৫ | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৬ | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ |
| ৭ | গণিত | | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৮ | বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৯ | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ১০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | অ্যাসাইনমেন্ট-১ | | | | | ১ |
| | | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ২৪ |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দাখিল ৯ম (সাধারণ ও মুজাব্বিদ) শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

## গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ২ | হাদিস শরিফ | | অ্যাসাইনমেন্ট-১ | অ্যাসাইনমেন্ট-২ | | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৩ | আকাইদ ও ফিকহ | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৪ | আরবি ১ম পত্র | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ৫ | আরবি ২য় পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৬ | ইসলামের ইতিহাস/ তাজভিদ নসর ও নজম | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৭ | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৮ | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৯ | গণিত | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ১০ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | অ্যাসাইনমেন্ট-১ | | | | ১ |
| | | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ২৪ |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে দাখিল ৯ম (বিজ্ঞান) শ্রেণির পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্টের

## গ্রিড

| ক্রম | বিষয়ের নাম | সপ্তাহ | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ৬ষ্ঠ | |
| ১ | কুরআন মাজিদ ও তাজভিদ | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | | ২ |
| ২ | হাদিস শরিফ | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৩ | আকাইদ ও ফিকহ | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৪ | আরবি ১ম পত্র | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | | ২ |
| ৫ | আরবি ২য় পত্র | | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | ২ |
| ৫ | বাংলা | অ্যাসাইনমেন্ট-১ | | | | অ্যাসাইনমেন্ট-২ | | ২ |
| ৭ | ইংরেজি | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | ৩ |
| ৮ | গণিত | | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ৯ | পদার্থ বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট-১ | | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | ৩ |
| ১০ | রসায়ন বিজ্ঞান | অ্যাসাইনমেন্ট-১ | | অ্যাসাইনমেন্ট-২ | অ্যাসাইনমেন্ট-৩ | | | ৩ |
| | | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ৪ | ২৪ |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট

## ১ম সপ্তাহ

শ্রেণি: ইবতেদায়ি ১ম — বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় :** কুরআন মাজিদ পঠন শিক্ষা<br>**২য় পাঠ :** নুকতাযুক্ত ও নুকতাবিহীন হরফ | নুকতাযুক্ত হরফ কয়টি ও কী কী? | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

শ্রেণি: ইবতেদায়ি ১ম — বিষয়: আকাইদ ও ফিকহ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশিকা |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **আকাইদ**<br>**প্রথম অধ্যায় :** ইমান<br>**২য় পাঠ :** আল্লাহ তাআলার নাম ও পরিচয় | 'খালিকুন' ও 'রব্বুন' শব্দের অর্থ কি? | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেণ্ট

## ১ম সপ্তাহ

শ্রেণিঃ ইবতেদায়ি ২য় — বিষয়ঃ কুরআন মাজিদ ও তাজভিদ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | প্রথম অধ্যায় : কুরআন মাজিদ পঠন শিক্ষা<br>১ম পরিচ্ছেদ : হরফ পরিচিতি<br>১ম পাঠ : হরফের আসল রূপ ও মিলিত রূপ | | আরবি হরফ কয়টি? নিচের হরফগুলো পাশাপাশি মিলিয়ে লিখ।<br>ب ع ث ي و م س ج د ض ع ف | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

শ্রেণিঃ ইবতেদায়ি ২য় — বিষয়ঃ আকাইদ ও ফিকহ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশিকা |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | আকাইদ<br>প্রথম অধ্যায় : ইমান<br>২য় পাঠ : আল্লাহ তাআলার পরিচয় | আমাদের সৃষ্টিকর্তার নাম কি? তাঁর সৃষ্টি পাঁচটি জিনিসের নাম লিখ। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট

## ১ম সপ্তাহ

**শ্রেণি: ইবতেদায়ি ৩য়** **বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : কুরআন মাজিদ পঠন শিক্ষা**<br>**১ম পাঠ** : নুন সাকিন ও তানভিনের বিভিন্ন প্রকারের বিশুদ্ধ উচ্চারণ | নিচের শব্দগুলো দ্বারা নুন সাকিন ও তানভিন এর প্রকার নির্ধারণ কর।<br>من يؤمن- من بعد- من اجل- من بأس- ولا انتم- من جاء- من يقول- من خير | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

**শ্রেণি: ইবতেদায়ি ৩য়** **বিষয়: আকাইদ ও ফিকহ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশিকা |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : আকাইদ, তাওহিদ, ইমান ও আল-আসমাউল হুসনা**<br>**২য় পাঠ** : কালিমা শাহাদাত | কালিমায়ে শাহাদাতের অর্থ লেখ। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট

## ১ম সপ্তাহ

**শ্রেণি: ইবতেদায়ি ৪র্থ** **বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : নাজেরা পঠন**<br>**১ম পাঠ** : কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত | কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব বর্ণনা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

**শ্রেণি: ইবতেদায়ি ৪র্থ** বিষয়: আকাইদ ও ফিকহ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশিকা |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : আকাইদ ও ইমান**<br>**৪র্থ পাঠ** : তাওহীদ | কোরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব বর্ণনা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট
## ১ম সপ্তাহ

**শ্রেণি: ইবতেদায়ি ৫ম** **বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশিকা |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | প্রথম অধ্যায় : নাজেরা পঠন<br>**১ম পাঠ** : কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত | افضل العبادة تلاوة القران হাদিসটি তোমার পাঠ্যপুস্তকের কোন বিষয়ের প্রতি ইংগিত করে? ব্যাখ্যা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

**শ্রেণি: ইবতেদায়ি ৫ম** **বিষয়: আরবি ১ম (আদদুরূসুল আরাবিয়্যাহ ওয়াল কাওয়াইদ)**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **الدرس الأول**<br>(১ম পাঠ)<br>বিষয়বস্তু<br>**الله خالق** | **اكتب خمس جمل في خمس من المخلوقات التي تراها حول بيتك**<br>তোমার বাড়ির আশপাশে আল্লাহ তাআলার যে সকল সৃষ্টি দেখতে পাও তা থেকে পাঁচটি সৃষ্টি নিয়ে আরবিতে ৫টি বাক্য লিখ। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট
## ১ম সপ্তাহ

**শ্রেণি: ৬ষ্ঠ (দাখিল)** **বিষয়: কুরআন মাজিদ ও তাজবিদ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় :**<br>**কুরআন মাজিদের পরিচয় ও ইতিহাস**<br>**১ম পাঠ :** কুরআন মাজিদের পরিচয়<br>**২য় পাঠ :** কুরআন মাজিদ শিক্ষার গুরুত্ব ও ফজিলত | "আল কুরআন সমস্ত জ্ঞানের ভান্ডার" পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি : ৬ষ্ঠ

বিষয় : বাংলা

| নির্ধারিত কাজের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশনা |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | সততার পুরস্কার<br>মিনু<br>নীলনদ আর পিড়ামিডের দেশ | ক) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন-<br>১। ইহুদি বংশে তিনজন লোকের কী কী শারীরিক সমস্যা ছিল?<br>২। 'সততার পুরস্কার' গল্পে তৃতীয় ব্যক্তির মানসিকতার সংক্ষিপ্ত পরিচয় দাও।<br>৩। 'সততার পুরস্কার' গল্পটির শিক্ষণীয় দিকটি অল্প কথায় লিখ।<br>৪। লোকে যোগেন বসাককে মহৎলোক বলে ভাবতো কেন?<br>৫। বোলতা বা ভিমরুলকে মিনু শত্রু ভাবে কেন?<br>৬। মিনুর অনেক জ্বর থাকা সত্বেও ছুটে বাইরে বেরিয়ে এসেছিল কেন?<br>৭। সমঝদার আর ঘরছাড়া মানুষ কিসের টানে মিশরে ছুটে যায়?<br>৮। নীলের উপর ভেসে চলা নৌকা দেখে লেখকের অভিব্যক্তির পরিচয় দাও।<br>৯। মৃত ব্যক্তি সম্পর্কে ফারাওরা কী বিশ্বাস করতেন?<br>১০। নীলনদ আর পিড়ামিডের দেশ ভ্রমণকাহিনী অনুযায়ী সুদানবাসীর শারীরিক গঠনের বর্ণনা দাও। | • উত্তরগুলোর বিষয়বস্তু সঠিক হতে হবে<br>• বাক্যগঠন ও বানান শুদ্ধ হবে |

**Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

**Class-6** **Subject-English**

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Lesson 1: Going to a new school<br>Lesson 2: Congratulations! Well done!<br>Lesson 3: A railway station<br>Lesson 4: Where are you from? | Lesson 1<br>HW: A1, B4 (from textbook)<br>Lesson 2<br>HW: B2, B3(from textbook)<br>Lesson 3<br>HW: A4(from textbook) | Teacher will check whether the students use appropriate word to fill in the gaps, their ideas to organize a paragraph, skill of relating to real life, use of language in given situation or dialogue, |

| Serial | Unit and Title of the Lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| | | | spelling, use of correct grammar in the sentences |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি : ষষ্ঠ** **বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **১ম অধ্যায়-বাংলাদেশের ইতিহাস**<br>পাঠ - ১ ও ২ বাংলাদেশের মুক্তিযুদ্ধ<br>পাঠ – ৩, ৪ ও ৫ বাংলাদেশে মানব বসতি ও রাজনৈতিক ইতিহাস<br>**দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশ ও বিশ্বসভ্যতা**<br>পাঠ -১ ভারত উপমহাদেশের নগর সভ্যতা।<br>পাঠ -২ উয়ারী-বটেশ্বর।<br>পাঠ – ৩ মহাস্থানগড়। | নিচের প্রশ্নগুলোর উত্তর দাও<br>১। মুক্তিযুদ্ধে বাংলাদেশের বিজয়ের কারণগুলো বর্ণনা কর।<br>২। ভারত উপমহাদেশের বিভিন্ন প্রচীন সভ্যতা ও রাজবংশগুলোর একটি তালিকা তৈরি কর।<br>৩। সভ্যতার ইতিহাসে পারসীয়দের দুইটি বড় অবদান বর্ণনা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• নির্ভুল তথ্য ও যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• সিদ্ধান্ত গ্রহনের দক্ষতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট
## ১ম সপ্তাহ

শ্রেণি: ৭ম (দাখিল)                বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় :**<br>**আল কুরআনের পরিচয় ও ইতিহাস**<br>**১ম পাঠ :** ওহির বিবরণ<br>**২য় পাঠ :** কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত | তোমার পাঠ্য পুস্তকের আলোকে কুরআন মাজিদ তেলাওয়াতের গুরুত্ব ও ফজিলত বর্ণনা কর। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি : সপ্তম

বিষয় : বাংলা

| এ্যাসাইন্টমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | কাবুলিওয়ালা | নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ :<br>ভাড়াটিয়া মনোয়ার হোসেন বাড়ির মালিক হামিদ সাহেবের শিশু সন্তান আহনাফকে ভীষণ আদর-সোহাগ করেন। নিঃসন্তান মনোয়ার হোসেন প্রায়ই অফিস থেকে ফেরার পথে আহনাফের জন্য খেলনা, খাবারসহ নানা উপহার নিয়ে আসেন। আহনাফের মা এই বিষয়টিকে ভালোভাবে গ্রহণ করেন না। স্বামীকে এবিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেন।<br>গ) উদ্দীপকে আহনাফের মায়ের সাথে 'কাবুলিওয়ালা' গল্পের মিনুর মা কোনদিক থেকে সাদৃশ্যপূর্ণ ?—ব্যাখ্যা কর।<br>ঘ) উদ্দীপকে 'মনোয়ার হোসেনের চরিত্রে 'কাবুলিওয়ালা গল্পের মূল ভাবের প্রতিফলন ঘটেছে। উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। | গ.<br>• উদ্দীপকে আহনাফের মায়ের সাথে কাবুলিওয়ালা গল্পের মিনুর মায়ের কোন দিক থেকে বিষয়টি সাদৃশ্যপুণ সেই বিষয়টি উল্লেখ করতে হবে<br>• বিষয়টি বইয়ের আলোকে ব্যাখ্যা করতে হবে।<br>• বিষয়টি বইয়ের সাথে মিলাতে হবে<br>ঘ.<br>• উদ্দীপকে কাবুলিওয়ালা গল্পের মূলভাবটি কীভাবে প্রতিফলিত হয়েছে তা উল্লেখ করতে হবে।<br>• বিষয়টি বইয়ের আলোকে ব্যাখ্যা করতে হবে।<br>• উদ্দীপকের বিষয়টি গল্পের যে মূল ভাব তা যুক্তিসহ দেখাতে হবে |

## Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020

Class-7

Subject-English

| Serial | Unit and Title of the lesson | Assigned Tasks/ Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Unit -1(Attention, please),<br>Unit - 2 (My study guide)<br>Unit - 3 (What are friends for?) | **Homework:**<br>1. Read the lessons on "Flora's first day at school 1 and 2" (pages19-21) and write a paragraph on "Your first day at school".<br>2. Write a letter with own words to your friend Shakil/ Shakila who studies at X Zilla School in another district describing a prize giving ceremony in which you received a prize at your school. | Teacher will give feedback to asses the tasks on ideas, content, vocabulary, organization, communication, spelling, punctuation |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি-সপ্তম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইন্টমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় : বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম**<br>পাঠ-৭ ও ৮: পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্য<br>**দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশের সংস্কৃতি ও সাংস্কৃতিক বৈচিত্র্য**<br>পাঠ-১: বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যের ধারণা<br>পাঠ-২ ও ৩: বাংলাদেশের গ্রাম ও শহরের সংস্কৃতি | নিচের প্রশ্নগুলোর উত্তর দাও<br>• তদানীন্তন পূর্ব পাকিস্তানের প্রতি পশ্চিম-পাকিস্তানীরা যে সব বৈষম্য সৃষ্টি করেছিল তার একটি তুলনামূলক চিত্র উপস্থাপন কর।<br>• বাংলাদেশের সাংস্কৃতিক বৈচিত্র্যে ধর্ম, ভাষা ও উৎসবের ভূমিকা ব্যাখ্যা কর। | ➢ বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>➢ নির্ভুল তথ্য<br>➢ ব্যক্তিগত অভিজ্ঞতার সমন্বয়<br>➢ প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদান<br>➢ যুক্তিসম্মত ব্যাখ্যা প্রদান<br>➢ উপস্থাপনায় বৈচিত্র্য |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট

## ১ম সপ্তাহ

শ্রেণি: ৮ম (দাখিল) বিষয়: কুরআন মাজিদ ও তাজবিদ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায় :**<br>**আল কুরআনের পরিচয় ও ইতিহাস**<br>**২য় পাঠ :** জীবন সমস্যা সমাধানে আল কুরআন | তোমার চাচা করোনা মহামারীতে চাকুরি হারিয়েছে। তিনি পরিবার নিয়ে চরম আর্থিক সংকটে দিন কাটাচ্ছেন। এ অবস্থায় তোমার পাঠ্যপুস্তকের আলোকে তোমার চাচার করণীয়। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: ৮ম শ্রেণি** **বিষয়: বাংলা**

| এ্যাসাইনমেন্টর ক্রমিক | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | নির্ধারিত কাজ | | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট ওয়ার্ক | অতিথির স্মৃতি | কভার পেজের নমুনা<br>এ্যাসাইনমেন্টের শিরোনাম:<br>বিদ্যালয়ের নাম: তারিখ:<br>ছাত্র/ছাত্রীর নাম:<br>বিষয়:<br>শ্রেণি: শাখা:<br>রোল: | এ্যাসাইনমেন্টে<br>মনে কর, তুমি শিক্ষা সফরে কোন বিশেষ স্থানে ভ্রমন করতে গিয়েছো। সেখানে গিয়ে তুমি কোন কোন ধরণের অভিজ্ঞতা অর্জন করলে তার একটি বিবরণ লিপিবদ্ধ কর। | ➢ এ্যাসাইনমেন্ট লেখার নিয়ম অনুযায়ী কভার পেজটি তৈরি করতে হবে।<br>➢ শিক্ষা সফরের বিষয়গুলো ধারাবাহিকবাবে লিখে যথাযথ বর্ণনা দিতে হবে।<br>➢ বাক্যগঠন ও বানান সঠিক হতে হবে। |

**Assigned Task, Assignment and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020**

Class-8 Subject-English

| Serial | Unit and Title of the lesson | | Assigned Tasks/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|---|
| 1st Assigned Task | Unit-1 | Lesson-2<br>Nakshi Kantha | HW: Section-D | Teacher will give feedback to asses the tasks on ideas, vocabulary, grammar, content, spelling, punctuation and communication. |
| | Unit-2 | Lesson-4<br>A Delicious Dish | Assignment:<br>Think about a delicious and nutritious food like Khichuri or Pudding or Firni. Ask some questions to your mother about its recipe. Try to prepare it with the help of other family members. Now, describe how to cook it following the recipe of custard given in your textbook. Also write down two reasons why it is a good or healthy food. | |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: অষ্টম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্টের ক্রমিক নং | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | **প্রথম অধ্যায়: উপনিবেশিক যুগ ও বাংলার স্বাধীনতার সংগ্রাম**<br>• পাঠ-৭ ও ৮: বাংলার নবজাগরণ ও পাকিস্তান রাষ্ট্রের উদ্ভব।<br>**দ্বিতীয় অধ্যায়: বাংলাদেশের মুক্তিযুদ্ধ**<br>• পাঠ-১: সশস্ত্র মুক্তিযুদ্ধের পটভূমি<br>• পাঠ-২: ৭ই মার্চের ভাষণ ও বাঙ্গালীর স্বাধীনতার প্রস্তুতি। | • বাংলার নবজাগরণ ও তৎকালীন সমাজ ব্যবস্থার পরিবর্তনে প্রতিনিধিত্বকারী বিভিন্ন ব্যক্তির গুরুত্বপূর্ণ অবদান বর্ণনা কর।<br>• বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে ৭ই মার্চের বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের তাৎপর্য বিশ্লেষণ কর। | • বিষয়বস্তুগত জ্ঞান<br>• নির্ভুল তথ্য প্রদান<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী উত্তর প্রদান<br>• নিজস্ব মতামতের যৌক্তিক ব্যাখ্যা প্রদান |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেন্ট

## ১ম সপ্তাহ

**শ্রেণি: ৯ম (দাখিল সাধারণ ও মুজাব্বিদ)** **বিষয়: কুরআন মাজিদ ও তাজভিদ**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | ১ম ভাগ: কুরআন<br>সুরা আল বাকারা<br>১ম রুকু থেকে ৪র্থ রুকু পর্যন্ত | ১ম রুকু থেকে ৪র্থ রুকু পর্যন্ত আলোচিত আয়াতসমূহের আলোকে মুমিন, মুনাফিক ও কাফিরের বৈশিষ্ট্যসমূহ। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

**শ্রেণি: ৯ম (দাখিল সাধারণ ও মুজাব্বিদ)** **বিষয়: আরবি ১ম পত্র**

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | الوحدة الأولى<br>الدرس الأول<br>(১ম পাঠ)<br>عبادة الله بالإخلاص | المقالة على اداء حقوق الله بالأخلاص بالعربية<br>আরবী ভাষায় নিষ্ঠার সাথে আল্লাহর হক আদায় সম্পর্কে একটি প্রবন্ধ<br>على الأقل عشرة سطور<br>কমপক্ষে ১০ লাইন | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

# কোভিড ১৯-পরিস্থিতিতে ২০২০শিক্ষাবর্ষে মাদ্রাসা শিক্ষাধারার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রদত্ত অ্যাসাইনমেণ্ট

## ১ম সপ্তাহ

শ্রেণিঃ ৯ম (দাখিল বিজ্ঞান) বিষয়ঃ কুরআন মাজিদ ও তাজভিদ

| অ্যাসাইনমেন্টের ক্রমিক নম্বর | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | অ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম অ্যাসাইনমেন্ট | ১ম ভাগঃ কুরআন<br>সুরা আল বাকারা<br>১ম রুকু থেকে ৪র্থ রুকু পর্যন্ত | ১ম রুকু থেকে ৪র্থ রুকু পর্যন্ত আলোচিত আয়াতসমূহের আলোকে মুমিন, মুনাফিক ও কাফিরের বৈশিষ্ট্যসমূহ। | • বিষয়বস্তুগত জ্ঞানের যথার্থতা<br>• প্রশ্নের চাহিদা অনুযায়ী ধারাবাহিক উত্তর প্রদান<br>• বানান, শব্দ গঠন ও বাক্যবিন্যাসের যথার্থতা<br>• তথ্যের নির্ভুলতা<br>• পাঠ্যপুস্তকের সাথে সংশ্লিষ্টতা |

## কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি : নবম** **বিষয় : বাংলা**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| ১ম এ্যাসাইনমেন্ট | কপোতাক্ষ নদ | একজন দেশপ্রেমিক নাগরিকের দশটি গুণ ১০ বাক্যে প্রকাশ কর। | • দেশপ্রেমের বিষয়টি উল্লেখ করতে হবে<br>• দেশপ্রেমিক নাগরিকের ১০টি গুণ লিখতে হবে।<br>• বাক্য গঠন ও বানান শুদ্ধ হবে। |

## Assigned Task and Assessment Criteria on the basis of Revised Syllabus due to COVID-19,2020

Class-9 Subject-English

| Serial | Unit and Title of the Lesson | Assigned Task/Assignment | Assessment Criteria |
|---|---|---|---|
| 1st Assigned Task | Unit-1,<br>Lesson-4<br>Responsibilities | HW: Section-C | Teacher will check students' ability to use appropriate vocabulary for making list and give comment |
| | Unit-4,<br>Lesson-1,<br>The Ferry Boat | HW: Section-C ( Question No. 3) | Teacher will check students' ability to use language to connect the reality with content, grammar, spelling, punctuation, vocabulary, communication . |
| | Unit-4<br>Lesson-4,<br>The Story Of Lipi | Assignment:<br>Read the beginning of the story. Write 10 new sentences to complete the story in a way you would like.<br>Nila, a young girl of 14 is a student of class 9 of Noapara Girls' High school, Noapara. She was a poor girl but had an aspiration to help her family for a better life. On her way to school , a boy named Alam used to tease her very often. But she didn't get frustrated rather.................................................................. | Teacher will check students' ability to use content, grammar, spelling, punctuation, vocabulary, communication . |

**কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২০ শিক্ষাবর্ষে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট/ নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা**

**শ্রেণি: নবম** **বিষয়: রসায়ন**

| এ্যাসাইনমেন্টের ক্রম | অধ্যায় ও বিষয়বস্তুর শিরোনাম | এ্যাসাইনমেন্ট/নির্ধারিত কাজ | মূল্যায়ন নির্দেশক |
|---|---|---|---|
| নির্ধারিতকাজ-১ / এ্যাসাইনমেন্ট -১ | প্রথম, দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়:<br>• রসায়নের ধারণা,<br>• পদার্থের অবস্থা<br>• পদার্থের গঠন | **নির্ধারিতকাজ-১ / এ্যাসাইনমেন্ট-১:** হাতে কলমে কাজের মাধ্যমে খাদ্য লবণ ও বালুর মিশ্রণ থেকে উপাদানসমূহ পৃথক কর এবং নিম্নের প্রশ্নগুলোর উত্তর দাও | |
| | | ১। এ পরীক্ষণে কোন কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছে? | (১) পরীক্ষণে ব্যবহৃত পদ্ধতি দুটির নাম |
| | | ২। কাজের ধারাবাহিক বর্ণনা কর। | (২) ধারাবাহিকভাবে কাজের সঠিক বর্ণনা |
| | | ৩। পরীক্ষণের উপর তোমার পর্যবেক্ষণ ও সিদ্ধান্ত ব্যাখ্যা কর। | (৩) সঠিক পর্যবেক্ষণ ও সিদ্ধান্তসমূহ |
| | | ৪। এ পরীক্ষণে তুমি কী কী সাবধানতা অবলম্বন করেছ? | (৪) সাবধানতাসমূহ |